



## নির্দেশনা

Tutor Marked Assignment (TMA) প্রোগ্রামের একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি একটি চলমান মূল্যায়ন প্রক্রিয়া। এর মাধ্যমে বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীর জ্ঞানের গভীরতা পরিমাপ করা হয়। শিক্ষার্থী যদি কোন কোর্সে TMA জমা না দেয় তবে সে উক্ত কোর্সের তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় ভালো নম্বর পেলেও তার ফলাফল তৈরি করা হবে না এবং উক্ত কোর্সে সে অকৃতকার্য হয়ে যাবে। কাজেই প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিটি কোর্সের TMA 01 ও TMA 02 যত্নসহকারে ও সুন্দরভাবে তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যেই নিম্নোক্ত ছক ব্যবহার করে (TMA জমা দেয়ার প্রমাণস্বরূপ) কোর্স টিউটরের কাছে জমা দিতে হবে। TMA জমা নেয়ার পর কোর্স টিউটরও অনুরূপ ছকে রেকর্ড রাখবেন ও তা স্কুলে পাঠিয়ে দিবেন। শিক্ষার্থীগণকে TMA লিখার সময় A<sub>4</sub> ডিমাই বা ফুলস্কাপ কাগজ ব্যবহার করতে হবে এবং প্রতি কোর্সের জন্য দুইটি TMA অর্থাৎ TMA 01 ও TMA 02 আলাদাভাবে তৈরি করতে হবে। প্রতিটি TMA এর প্রথম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শিক্ষার্থী নম্বর, টিউটোরিয়াল সেন্টারের নাম, TMA 01 বা TMA 02, কোর্স কোডসহ কোর্সের নাম, প্রোগ্রামের নাম, ব্যাচ নং উল্লেখ করতে হবে। দ্বিতীয় পৃষ্ঠা ফাঁকা থাকবে। তৃতীয় পৃষ্ঠা থেকে TMA এর প্রশ্নের উত্তর লেখা শুরু করতে হবে। TMA সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানের জন্য শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট কোর্স টিউটরের সঙ্গে যোগাযোগ করতে পারবেন।

## টি.এম.এ জমা দেয়া ও জমা নেয়ার ছক

শিক্ষার্থী নম্বর	শিক্ষার্থীর নাম	টি.এম.এ জমাদানের তারিখ	শিক্ষার্থীর স্বাক্ষর	টিউটরের স্বাক্ষর

## গবাদি পশুপালন (CLP 1301)

**TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৬ সেপ্টেম্বর, ২০২৫**  
আপনার এলাকায় গরুর বাছুর কীভাবে পালন-পালন করা হয়? আদর্শ পদ্ধতির সহিত উহার পার্থক্য বর্ণনা করুন।

**TMA 02 : জমাদানের শেষ তারিখ - ১৭ অক্টোবর, ২০২৫**  
বাংলাদেশের গ্রামাঞ্চলে ছাগল পালন পদ্ধতি বর্ণনা করুন।

## পোষ্টি পালন ও হ্যাচারি ব্যবস্থাপনা (CLP 1302)

**TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৬ সেপ্টেম্বর, ২০২৫**  
মুরগির ঠোট কাটানো (Debeaking) বলতে কী বুঝায়? গ্রামাঞ্চলে দেশী মুরগি পালনের ক্ষেত্রে ঠোট কাটানো হয় কী? না হলে এর কারণ আলোচনা করুন।

**TMA 02 : জমাদানের শেষ তারিখ - ১৭ অক্টোবর, ২০২৫**  
আপনার এলাকায় মুরগি পালনের প্রধান প্রধান অন্তরায় এবং এর সম্ভাব্য সমাধান আলোচনা করুন।

## গবাদিপশু ও পোষ্টির খাদ্য ও পুষ্টি (CLP 1203)

**TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৬ সেপ্টেম্বর, ২০২৫**  
আপনার এলাকায় সহজলভ্য খাদ্য উপকরণ ব্যবহার করে ৫০০টি ডিমপাতা মুরগির এক সপ্তাহের প্রয়োজনীয় রেশন তৈরি করুন।

**TMA 02 : জমাদানের শেষ তারিখ - ১৭ অক্টোবর, ২০২৫**  
গবাদিপশুর স্বাস্থ্য রক্ষায় খাদ্যের বিভিন্ন প্রকার পুষ্টি উপাদানের ভূমিকা আলোচনা করুন।

## কৃত্রিম প্রজনন ও খামার ব্যবস্থাপনা (CLP 1104)

**TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৬ সেপ্টেম্বর, ২০২৫**  
আপনার এলাকায় কী কী জাতের গাভী দেখতে পাওয়া যায়? এসব গাভীর দুধ ও মাংস বাড়ানোর প্রয়োজনীয়তা রয়েছে কী? উত্তরের স্বপক্ষে যুক্তি তুলে ধরুন।

**TMA 02 : জমাদানের শেষ তারিখ - ১৭ অক্টোবর, ২০২৫**  
দুধ খামার ও মুরগীর খামার- এ দু'টোর কোনটি আপনার দৃষ্টিতে লাভজনক? আলোচনা করুন।

## গবাদিপশুর রোগ ও প্রতিরোধ (CLP 1305)

**TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৬ সেপ্টেম্বর, ২০২৫**  
বাংলাদেশে গরু-মহিষের প্রধান প্রধান রোগগুলো কি কি? এসব রোগ কিভাবে বাংলাদেশের অর্থনীতিতে প্রভাব বিস্তার করে, আলোচনা করুন।

**TMA 02 : জমাদানের শেষ তারিখ - ১৭ অক্টোবর, ২০২৫**  
আপনার এলাকায় বাছুরে কি কি রোগ দেখা যায় তা উল্লেখ করুন। এসব রোগ নিরসনকল্পে সরকারিভাবে গৃহীত পদক্ষেপসমূহ বর্ণনা করুন।